**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

## সারাটোগা স্পা স্টেট পার্কে গভর্নর হোকলের শিশুদের জাদুঘরের সাড়ম্বর উদ্বোধন ঘোষণা

***16,000-বর্গফুট আয়তনের জাদুঘরটি সব বয়সের শিশুদের জন্য মনোমুগ্ধকর প্রদর্শনী ও ইন্টারঅ্যাকটিভ কর্মসূচি অফার করছে***

***জাদুঘরটি 'পার্ক অব দ্য আর্টস'-এ তরুণ পরিবারগুলোর জন্য বিকল্পগুলো সম্প্রসারণ করছে এমন আধুনিক ফ্যাসিলিটি নিয়ে ঐতিহাসিকভাবে বিখ্যাত স্থানটিতে নতুন প্রাণের সঞ্চার করছে***

সারাটোগা স্পা স্টেট পার্কে ব্রডওয়েতে ঐতিহাসিক লিঙ্কন বাথহাউজে সারাটোগার শিশুদের জাদুঘর স্থানান্তর করার 3.1 মিলিয়ন ডলারের সংস্কার প্রকল্প সম্পন্ন হওয়ার পরে গভর্নর ক্যাথি হোকল আজ জাদুঘরটির সাড়ম্বর উদ্বোধন ঘোষণা করেছেন। সম্পূর্ণ অ্যাক্সেসযোগ্য 16,000-বর্গফুট আয়তনের এই ফ্যাসিলিটি 1990 এর দশকের পর থেকে লিঙ্কন বাথহাউজে জনসাধারণের জন্য পরিচালিত প্রথম বৃহৎ কার্যক্রম। 600,000 ডলারের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) অনুদানের পাশাপাশি অন্যান্য সরকারি অনুদান ও বেসরকারি অনুদান দ্বারা সমর্থিত এই প্রকল্প, পার্ক অব দ্য আর্টস উদ্যোগের আওতাধীন পার্কের সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ক্রমবর্ধমান তালিকায় যোগ হচ্ছে।

"শিশুদের জাদুঘর চালু হওয়ার ফলে সারাটোগা স্পা স্টেট পার্কের নান্দনিক, প্রাকৃতিক পরিবেশে আমাদের অংশীদারদের ক্রমবর্ধমান তালিকায় আরেকটি বৃহৎ আকর্ষণ যোগ হচ্ছে," **বলেছেন গভর্নর হোকল।** " পার্ক অব দ্য আর্টস উদ্যোগটি শিল্পকলা কর্মসূচির জন্য সারাটোগা স্প্রিংসকে বছর-ব্যাপী অ্যাক্সেসের একটি গন্তব্যস্থলে পরিণত করেছে, এবং এই প্রকল্প পার্ক জুড়ে জাতীয় ঐতিহাসিক মাইলফলক কাঠামোগুলো পুনরুদ্ধার ও পুনরায় সক্রিয় করার জন্য আমাদের প্রচেষ্টার ক্ষেত্রে একটি বৃহৎ মাইলফলক হয়ে থাকবে।"

মূল বেদিং উইংগুলোর মধ্যে তিনটির জায়গা নিয়ে অবস্থিত, শিশুদের জাদুঘরটিতে পুনর্নির্মিত ও সংস্কারকৃত প্রদর্শনীগুলোর সঙ্গে নতুন ধরনের STEM প্রদর্শনী রয়েছে যেখানে দর্শনার্থীরা হাতে-কলমে ক্রিয়াকলাপের মাধ্যমে পরীক্ষা-নিরীক্ষা করতে এবং শিখতে পারবেন। একটি ডামি মুদি দোকানের মধ্যে পুরোপুরি কার্যক্ষম একটি স্ক্যানার সহ একটি রেজিস্টার রয়েছে, অন্যদিকে ফায়ার স্টেশনের ইন্টারঅ্যাকটিভ স্ক্রিন অতিথিদের একটি ভার্চুয়াল আগুন নেভানোয় অংশ

নেওয়ার সুযোগ দেয়। শিশুরা খামারের প্রদর্শনীতে সবজি সংগ্রহ করতে পারবে, জাদুঘরের নিউজ স্টেশনে সংবাদের অংশ রেকর্ড করতে পারবে, অথবা আইস ক্রিম পার্লারে আইস ক্রিম স্কুপ করতে এবং এটি কিভাবে তৈরি হয় তা জানতে পারবে। সর্বজনীন অ্যাক্সেসযোগ্যতা বিবেচনায় নিয়ে নির্মিত জাদুঘরটিতে একটি প্রশান্তিদায়ক কক্ষও রয়েছে যা প্রশান্তিময় স্পর্শযোগ্য উপাদানের মাধ্যমে নিরুদ্বেগ হওয়ার মতো নীরব একটি স্থান প্রদান করে।

**শিশুদের জাদুঘরের এক্সিকিউটিভ ডিরেক্টর সারাহ স্মিথ বলেন**, "এই প্রকল্প বাস্তবায়ন করতে প্রয়োজন হওয়া সমস্ত কঠোর পরিশ্রমের জন্য আমরা গভর্নর, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, এবং তার পাশাপাশি আমাদের অন্য বেসরকারি ও সরকারি সমর্থকদের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ। আমাদের মিশনের কেন্দ্রস্থলে রয়েছে এমন একটি স্থান তৈরি করা যা কৌতুহলকে উদ্দীপিত করবে, কল্পনার স্ফুলিঙ্গ তৈরি করবে, এবং আবিষ্কারের পথ দেখাবে। এবং আমরা মনে করি এই নতুন স্থানটি, সব পর্যায়ের বিকাশের স্তরে থাকা শিশুদের ও তাদের পরিবারের কাছে পৌঁছে যাওয়ার সক্ষমতা নিয়ে সে লক্ষ্য লালন করতে সাহায্য করবে। এই গ্রীষ্মে সারাটোগাতে ভিজিট করার সময় সবাইকে জাদুঘরটিতে স্বাগত জানানোর জন্য আমরা অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

**স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন**, "সারাটোগা স্পা স্টেট পার্কে ঐতিহাসিক লিঙ্কন বাথহাউজে শিশুদের জাদুঘরকে স্বাগত জানাতে পেরে আমি রোমাঞ্চিত। শিশুদের জাদুঘরটি পার্কে নতুন ক্রিয়াকলাপ নিয়ে আসবে এবং আমাদের 'পার্ক অব দ্য আর্টস' এর বহু অংশীদারদের সম্মিলনকে কাজে লাগাবে যা নিরুদ্বেগ হওয়ার, ঘরের বাইরের পরিবেশ উপভোগ করার, অথবা অনন্য শিল্পকলা ও সাংস্কৃতিক উপাদানগুলো ঘুরে দেখার বহু উপায় অফার করবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন**, "সারাটোগার নতুন লোকেশনে এই শিশুদের জাদুঘর সারাটোগা স্পা স্টেট পার্কে আরেকটি অনন্য আকর্ষণ যোগ করছে যা অধিবাসীদের ও দর্শনার্থীদের সমানভাবে স্বাগত জানাবে। ঐতিহাসিক লিঙ্কন বাথহাউজের মধ্যকার জায়গাকে যথোপযুক্ত উপায়ে পুনর্ব্যবহার করে জাদুঘরটি শিক্ষার প্রতি কৌতুহল ও উৎসাহের একটি নতুন যুগের সূচনা করতে পারে, এবং এই প্রকল্পে সহায়তা করতে পেরে আমরা গর্বিত।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর ভাইস প্রেসিডেন্ট ও এক্সিকিউটিভ ডিরেক্টর অব ট্যুরিজম রস ডি. লেভি বলেন,** "সারাটোগা স্পা স্টেট পার্কে লিঙ্কন বাথহাউজে এই নতুন শিশুদের জাদুঘর পরিবারগুলোকে তাদের পরবর্তীবার নিউ ইয়র্ক স্টেটে বেড়ানোর সময় রাজধানী অঞ্চল ঘুরে দেখার আরো একটি চমৎকার কারণ তৈরি করে দিয়েছে। মনোমুগ্ধকর জাদুঘর থেকে শুরু করে আকর্ষণীয় ঐতিহাসিক স্থান থেকে ঘরের বাইরে অ্যাডভেঞ্চার পর্যন্ত, অধিবাসী ও দর্শনার্থীরা সমানভাবে এটির অংশ হতে পারবেন এবং সারা বছর জুড়ে তাদের পছন্দের বিষয়গুলো খুঁজে নিতে পারবেন।"

1990 সালে কমিউনিটির বাবা-মা ও শিক্ষকদের দ্বারা প্রতিষ্ঠিত, সারাটোগাতে শিশুদের জাদুঘর একটি ইন্টারঅ্যাকটিভ কমিউনিটি তৈরির জন্য নিবেদিত যা কৌতুহলে অনুপ্রেরণা যোগায়,

কল্পনার স্ফুলিঙ্গ তৈরি করে এবং আবিষ্কারের পথ দেখায়। জাদুঘরটি শিশুদের শিক্ষার ক্ষেত্রে বাবা-মায়ের সক্রিয় অংশগ্রহণ অন্তর্ভুক্ত করতে, এলাকার স্কুল ডিস্ট্রিক্টগুলোর জন্য একটি সংস্থান হিসেবে ভূমিকা রাখতে, এবং এটির কর্মসূচি ও পরিষেবাগুলো সব শিশুর জন্য অ্যাক্সেসযোগ্য হওয়া নিশ্চিত করতে দৃঢ় প্রতিজ্ঞ। চিলড্রেন'স মিউজিয়াম তাদের মিশন ও কর্মসূচির ভবিষ্যত নিশ্চিত করতে সাহায্য করার জন্য চিলড্রেন'স মিউজিয়াম অব সায়েন্স এন্ড টেকনোলজির (রেনসেলার টেক পার্কে) সাথে আনুষ্ঠানিকভাবে অংশীদারিত্ব গড়ে তুলেছিল, এবং সম্মিলিতভাবে রাজধানী অঞ্চল জুড়ে শিশুদের উদ্ভাবনমূলক, হাতে-কলমে শিক্ষা প্রদান করার 100 বছরের অভিজ্ঞতার প্রতিনিধিত্ব করে। শিশুদের জাদুঘর সম্পর্কে আরো জানতে www.cmssny.org ওয়েবসাইট ভিজিট করুন।

**স্টেট সিনেটর ড্যাফনে জর্ডান বলেন,** "সারাটোগা স্পা স্টেট পার্কে লিঙ্কন বাথহাউজকে শিশুদের জাদুঘর নির্মাণের জন্য পুনরায় কাজে লাগানো শুধু একটি ঐতিহাসিক ভবনে প্রাণের সঞ্চার করছে তাই নয়, বরং নিশ্চিতভাবে শিশুদের ও তাদের বাবা-মায়েদের আনন্দিত করবে এমন নতুন ইন্টারঅ্যাকটিভ প্রদর্শনী এবং আরো বেশি হাতে-কলমে ক্রিয়াকলাপের জন্য ব্যাপকভাবে সম্প্রসারিত একটি স্থান প্রদান করে। এই প্রকল্প দর্শনার্থীদের এবং রাজধানী অঞ্চলের অধিবাসীদের 'পার্ক অব দ্য আর্টস' এবং সারাটোগা স্প্রিংসে আসার জন্য আরো একটি আকর্ষণীয় কারণ প্রদান করবে।"

**অ্যাসেম্বলি সদস্য ক্যারি ওয়ার্নার বলেন,** "সারাটোগার শিশুদের জাদুঘর এবং চিলড্রেন'স মিউজিয়াম অব সায়েন্স এন্ড টেকনোলজি সম্মিলিতভাবে 100 বছরেরও বেশি সময় ধরে শিশুদের অনুসন্ধান, শিক্ষা, খেলাধুলা ও জাগতিক অভিজ্ঞতা অর্জনের স্থান প্রদান করে আসছে। উভয় জাদুঘর সাধারণ অবস্থায় শুরু হয়ে অর্গানিকভাবে বেড়ে উঠেছে ও সমৃদ্ধি লাভ করেছে কারণ তারা বহু প্রজন্মের শিশুদের উৎসাহী অংশগ্রহণের প্রতি সাড়া দিয়েছে। জাদুঘরকে এবং সব বয়সের শিশুদের, বাবা-মায়েদের, ও দর্শনার্থীদের অভিনন্দন যারা পার্কে একটি জাদুঘর তৈরি করার এই চমৎকার রূপকল্পটি বাস্তবে রূপ দানকারী পরিচালনা বোর্ড, জাদুঘর কর্মী, কমিউনিটি দাতা ও স্বেচ্ছাসেবক এবং স্টেট সংস্থাগুলোর দূরদৃষ্টি ও কঠোর পরিশ্রম থেকে উপকৃত হবেন।"

**সারাটোগা স্প্রিংস এর মেয়র রন কিম বলেন,** "শিশুদের জাদুঘর বহু বছর ধরে আমাদের সিটির ডাউনটাউনের একটি বৃহৎ আকর্ষণ হয়ে আছে, যা অধিবাসী ও দর্শনার্থীরা সমানভাবে উপভোগ করে আসছেন। এখন নান্দনিক স্টেট পার্কে সম্প্রসারণের ফলে শিশুদের জাদুঘরটি আরো বেশি দর্শনার্থীদের স্বাগত জানানোর মাধ্যমে একটি মজার ও উৎসবপূর্ণ পরিবেশে একটি নতুন প্রজন্মকে শিক্ষাদান করতে পারবে।"

1930 সালে স্থাপিত এই বিয়াক্স আর্টস-নিওক্লাসিক্যাল শৈলীর লিঙ্কন বাথহাউজ, এই পার্কের ব্যতিক্রমী স্থাপনার একটি গুরুত্বপূর্ণ উপাদান, এবং একটি ঐতিহাসিক স্থানগুলোর জাতীয় রেজিস্টারে তালিকাবদ্ধ রয়েছে। স্টেটের পরিচালনাধীন এই ফ্যাসিলিটিতে 1990 এর দশক থেকে জনসাধারণের জন্য গোসলের সুবিধা বন্ধ করে দেওয়া হয়। যদিও স্থাপনাটির 60,000 বর্গফুট জায়গার কিছু অংশ স্টেট কোর্টস এবং আঞ্চলিক পার্ক পুলিশের সদরদপ্তরের জন্য রূপান্তর করা হয়, ভবনটির বেশিরভাগ অংশ নতুনভাবে ব্যবহৃত হওয়ার অপেক্ষায় ছিল। শিশুদের জাদুঘর চালু হওয়া বছর-ব্যাপী পাবলিক কর্মসূচি ফিরে আসার সূচনা নির্দেশ করছে। এছাড়াও

লিঙ্কন বাথহাউজে বর্তমানে রবিবারে স্পা সিটি ফার্মার্স মার্কেট আয়োজন করা হয়ে থাকে। উন্নয়ন প্রকল্পের পরবর্তী পর্যায়গুলোতে ভবনের আস্তরণ পুরোপুরি পুনরুদ্ধার এবং পার্ক অ্যাডমিনিস্ট্রেটর ও দর্শনার্থী পরিষেবার জন্য নতুন অফিসের জায়গা তৈরি অন্তর্ভুক্ত থাকবে।

সরকারি-বেসরকারি পার্ক অব দ্য আর্টস ক্যাম্পেইন সারাটোগা স্পা স্টেট পার্ককে 2400 একর জায়গা নিয়ে অবস্থিত প্রাকৃতিক পরিবেশে মাল্টি-ডিসিপ্লিনারি শিল্পকলা প্রদর্শনী, জাতীয় ঐতিহাসিক বিখ্যাত স্থাপনাগুলোর যথোপযুক্ত পুনর্ব্যবহারের মাধ্যমে কর্মসূচি এবং শিক্ষার জন্য একটি একক বৈশ্বিক গন্তব্যস্থল হিসেবে গড়ে তোলার রূপকল্প হিসেবে দেখছে। সাংস্কৃতিক ও শিক্ষা সংস্থা, চিত্তবিনোদনমূলক এন্টারপ্রাইজ, ও বেসরকারি ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সহযোগিতার সম্পর্কের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্ক স্টেটের একটি অন্যতম ফ্ল্যাগশিপ পার্কে একটি শৈল্পিক ও সাংস্কৃতিক পর্যটনের গন্তব্যস্থল তৈরি করছে যা এধরনের প্রথম স্থান হতে যাচ্ছে।

সারাটোগা স্পা স্টেট পার্ক বর্তমানে প্রতি বছর আনুমানিক তিন মিলিয়ন দর্শনার্থীকে স্বাগত জানিয়ে থাকে। জাতীয়ভাবে পরিচিত সারাটোগা পারফর্মিং আর্টস সেন্টার (Saratoga Performing Arts Center), SPAC স্কুল অব দ্যা আর্টস (SPAC School of the Arts), জাতীয় নৃত্য জাদুঘর (National Museum of Dance), সারাটোগা অটোমোবাইল জাদুঘর (Saratoga Automobile Museum), গিডিওন পাটনাম রিসোর্ট ও রুজভেল্ট বাথস ও স্পা (Gideon Putnam Resort and Roosevelt Baths and Spa), এবং স্পা সিটি ফারমার্স মার্কেট (Spa City Farmer's Market) ছাড়াও সারাটোগা স্পা স্টেট পার্ক গলফ কোর্স, ক্লে টেনিস কোর্ট, প্রকৃতি সম্পর্কে একটি শিক্ষা কেন্দ্র, স্পা লিটল থিয়েটার (Spa Little Theater), ক্যাফে ও রেস্তোরাঁসহ বহুমুখী চিত্তবিনোদনমূলক ও সাংস্কৃতিক সুবিধাসমূহ, এবং হাঁটা, দৌড়ানো ও বাইক চালানোর জন্য কয়েক মাইল দীর্ঘ ট্রেইল প্রদান করে, যার সবকিছুই 2,400 একরের বিচিত্র প্রাকৃতিক আবাসস্থলসহ এই জাতীয় ঐতিহাসিক বিখ্যাত স্থানের ল্যান্ডস্কেপের মধ্যে অবস্থিত।

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation) 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, চিত্তবিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ ও আরো অনেক কিছুর দেখাশোনা করে, যেগুলোতে বছরে আনুমানিক 78 মিলিয়ন দর্শনার্থী ভিজিট করে থাকে। এসব চিত্তবিনোদনের এলাকার যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য ভিজিট করুন https://www.parks.ny.gov, বিনামূল্যের NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, সংযুক্ত হোন ফেসবুকে (Facebook), ইনস্টাগ্রামে (Instagram) ও টুইটারে (Twitter)।

###